

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-৯২

-এ,

তারিখঃ ২১ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
০৬ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ যথাসময়ে নথি প্রাপ্তির নিমিত্ত হাইকোর্ট বিভাগের বেঞ্চ অফিসারগণ কর্তৃক সংশ্লিষ্ট শাখায় চাহিদাপত্র (রিক্যুইজিশন) প্রেরণ এবং সংশ্লিষ্ট শাখার সুপারিনটেনডেন্ট কর্তৃক যথাসময়ে মামলার নথি কোর্টে প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, Supreme Court of Bangladesh (High Court Division) Rules, 1973 এর অধ্যায় IVA এর বিধি ৮ অনুযায়ী মামলার পক্ষ বা দরখাস্তকারীর দাখিলকৃত মেনশন স্লিপ গ্রহণ করে সংশ্লিষ্ট বেঞ্চ অফিসারের স্বাক্ষর ও তারিখ সম্বলিত নথির চাহিদাপত্র (রিক্যুইজিশন) সংশ্লিষ্ট শাখায় প্রেরণের বিধান রয়েছে। এ সংক্রান্তে বেঞ্চ অফিসারগণ কর্তৃক প্রতিদিন নির্ধারিত সময়ের মধ্যে পরবর্তী কার্যদিবসের নথির চাহিদাপত্র (রিক্যুইজিশন) প্রেরণ এবং সংশ্লিষ্ট শাখার সুপারিনটেনডেন্টগণ কর্তৃক ঐ দিনই নথি প্রস্তুতকরতঃ পরের দিন সকাল ৯:৩০ ঘটিকার মধ্যে সংশ্লিষ্ট আদালতে প্রেরণের নির্দেশনা সম্বলিত গত ২৯/০৭/২০১৮ খ্রি. তারিখে ৭জি নম্বর এবং ২৮/০২/২০২০ খ্রি. তারিখে ২এ নম্বর অফিস আদেশ জারি করা হলেও তা পুরোপুরি প্রতিপালিত হচ্ছে না মর্মে কর্তৃপক্ষের গোচরীভূত হয়েছে, যা কর্তব্য ও দায়িত্ব পালনে অবহেলা ও অসদাচরণের শামিল। এ বিষয়ে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারীকে বর্ণিত দায়িত্ব পালনে সচেতন হওয়ার জন্য নির্দেশ প্রদান করা হচ্ছে।

২। এমতাবস্থায়, বেঞ্চ অফিসারগণ কর্তৃক প্রতিদিন অপরাহ্ন ৩:০০ ঘটিকার মধ্যে সংশ্লিষ্ট শাখায় নথির চাহিদাপত্র প্রেরণ এবং সংশ্লিষ্ট শাখা কর্তৃক ঐ দিনই নথি প্রস্তুতকরতঃ পরের দিন সকাল ৯:৩০ ঘটিকার মধ্যে সংশ্লিষ্ট আদালতে নথি প্রেরণ সংক্রান্ত উল্লিখিত বিধি-বিধান প্রতিপালনের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হলো। এক্ষেত্রে কোনো প্রকার শৈথিল্য বা অবহেলা The Supreme Court of Bangladesh (High Court Division) Employees (Discipline and Appeal) Rules, 1983 এর অধীনে অসদাচরণ হিসেবে বিবেচিত হবে।

৩। বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের সানুগ্রহ নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বাঃ/-

(মোঃ গোলাম রব্বানী)

রেজিস্ট্রার

হাইকোর্ট বিভাগ

ফোন: ৯৫১৪৬৪৬

স্মারক নং- ২৮-৫০(ক)

-এ,

তারিখঃ ২১ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
০৬ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

প্রয়োজনীয় কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. অতিরিক্ত রেজিস্ট্রার..... হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
৩. ডেপুটি রেজিস্ট্রার..... হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
৪. সহকারী রেজিস্ট্রার..... হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
৫. রেজিস্ট্রার জেনারেল এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬. প্রধান বিচারপতির সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

৭. প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

৮. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৯. বেঞ্চ অফিসার জনাব....., কোর্ট নং মূল ভবন/এনেক্স..... হাইকোর্ট
বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

১০. ব্যক্তিগত কর্মকর্তা টু মাননীয় বিচারপতি জনাব হাইকোর্ট
বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

১১. সুপারিনটেনডেন্ট.....শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম
কোর্ট, ঢাকা।



(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)

ফোন: ৯৫৬৬৮২৬